গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫-৩৪৬ তারিখঃ ১৭-০৯-২০১৫

বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০৬-০৯-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ৩১-০৮-২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

১৭/০৯/২০১৫
(মুহাম্মাদ চিশতী আশেক)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
(দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। বিভাগ প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। বিভাগ প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। প্রধান, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৮। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৯। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
১৯। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ
১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৫। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব এর সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৬-০৯-২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে উল্লেখ করা হলো।

২.০। আলোচনা

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত ৬৮টি প্রকল্পের অনুকূলে মোট ১৬,৪৮৫.১৭ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭৩০০.০০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৯১৮৫.১৭ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে আগস্ট, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৫২০৬১.৭৮ কোটি টাকা যা মোট বরাদ্দের ৩.২৩%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ২৬০৯০.৪৭ কোটি টাকা (২.৯০%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ২৫৯৭১.৩১ কোটি টাকা (৩.৬৫%)। ভৌত অগ্রগতি হয়েছে ১০.৭৬%। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ৫.২০% ও ১১.২৭%।

২.২। যুগ্ম-প্রধান সভায় জানান যে, মোট ৬৮টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্পের অনুকূলে এখনো কোন বরাদ্দ দেয়া হয়নি। ৪০টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য, ১০টি প্রকল্পের অগ্রগতি ৩% এর নিচে, ১৮টি প্রকল্পের অগ্রগতি ৩%এর বেশি, তন্মধ্যে ৭টি প্রকল্পের অগ্রগতি ১০% এর বেশি এবং ২টি প্রকল্প যথা "গ্রেটার চিটাগং পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রজেক্ট, স্ক্যাডা রিহ্যাবিলিটেশন" প্রকল্পের অগ্রগিত ৩৫.২২% ও "পার্বত্য চট্টগ্রাম বিদ্যুৎ বিতরণ উন্নয়ন" প্রকল্পের অগ্রগতি ৫২.০৪% যা লক্ষ্যমাত্রা থেকে বেশি। গত দুই মাসে অধিকাংশ প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পসমূহের বাস্তবায়ন নিশ্চিত করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। লক্ষ্যমাত্রার চেয়ে অধিক অগ্রগতি অর্জন করায় সভায় দু'টি প্রকল্পের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ধ্যনবাদ জ্ঞাপন করা হয়।

২.৩। সভায় জানানো হয় যে, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ১১টি প্রকল্পের অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিতে মোট ৪৪০৯.৯৯ কোটি টাকা বরাদ্দ আছে। তবে প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য এ বছর আরো ৬৭২.৬৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে। উক্ত প্রেক্ষিতে সভায় ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত এডিপিতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অনুকূলে আরো ৬৭২.৬৫ কোটি টাকা বরাদ্দের সংস্থান রাখার পক্ষে অভিমত ব্যক্ত করা হয় এবং প্রস্তাবিত ৬৭২.৬৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির বিষয় বিবেচনায় রেখে প্রকল্পসমূহের ক্রয় ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণের পরামর্শ প্রদান করা হয়। এ প্রেক্ষিতে সচিব মহোদয় সকল প্রকল্পের বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার নির্দেশান প্রদান করেন এবং প্রকল্পের ডিপিপি/টিপিপি প্রস্তুতকালে ব্যয় প্রাক্কলন ও প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ যুক্তিযুক্তভাবে নির্ধারণ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় সকল প্রকল্পের ১ম কিস্তির অর্থ সেপ্টেম্বর, ২০১৫ মাসের মধ্যে ছাড়ের জন্য পরামর্শ প্রদান করা হয়। যেসব প্রকল্পের জন্য এখনই এক কিস্তির অধিক অর্থের প্রয়োজন সেসব প্রকল্পের জন্য প্রয়োজন অনুসারে একাধিক কিস্তির অর্থ একসাথে ছাড়ের প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা-২

৩.০। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	সকল প্রকল্পের ১ম কিস্তির অর্থ সেপ্টেম্বর, ২০১৫ মাসের মধ্যে ছাড়ের ব্যবস্থা নিতে হবে এবং যেসব প্রকল্পের জন্য এখনই এক কিস্তির অধিক অর্থের প্রয়োজন সেসব প্রকল্পের জন্য প্রয়োজন অনুসারে একাধিক কিস্তির অর্থ একসাথে ছাড়ের প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা উন্নয়ন উইং, বিদ্যুৎ বিভাগ
৩.২	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপিতে আরো ৬৭২.৬৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের ব্যবস্থা নেয়া হবে এবং ৬৭২.৬৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির বিষয় বিবেচনায় রেখে বাপবিবো প্রকল্পসমূহের ক্রয় ও বাস্তবায়ন কার্যক্রম এখন থেকেই গ্রহণ করবে।	পরিকল্পনা উইং, বিদ্যুৎ বিভাগ বাপবিবো
৩.৩	বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন "টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্স ফর উইন্ড রিসোর্সেস ম্যাপিং" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের দায়িত্ব স্রেডার নিকট হস্তান্তর করা হবে এবং এখন থেকে প্রকল্পটির বাস্তবায়নের বিষয় স্রেডা পরিবীক্ষণ করবে।	পরিকল্পনা উইং বিদ্যুৎ বিভাগ স্রেডা
৩.৪	এনএলডিসি আপগ্রেডেশনের জন্য প্রকল্প প্রস্তাব/ডিপিপি জরুরীভিত্তিতে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	পিজিসিবি
৩.৫	সকল প্রকল্প পরিচালককে ভবিষ্যতে অনুষ্ঠেয় এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। বিষয়টি সংস্থা প্রধানগণ নিশ্চিত করবেন।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক
৩.৬	"বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১১ কেভ সুইচিং স্টেশন নির্মাণ" প্রকল্পের মেয়াদ পুনঃবৃদ্ধির পরিবর্তে ডিপিপি সংশোধনের প্রস্তাব প্রেরণ করতে হবে।	ডিপিডিসি

৪.০। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী